# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 24 June, 2025

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টার মধ্যে রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের কিছু এলাকায় মাঝারি থেকে ভারী বর্ষণ হতে পারে।পাশাপাশি দেশের সকল অঞ্চলে অস্থায়ী দমকা হাওয়া, বজ্রসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে।

আগামী কয়েকদিনে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগে অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহের অনেক জায়গায় বজ্রসহ বৃষ্টি অব্যাহত থাকবে। দেশের বিভিন্ন এলাকায় মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে এবং সারাদেশে তাপমাত্রা সামান্য কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া অধিদপ্তর আগামী পাঁচ দিনের মধ্যে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকার পূর্বাভাস দিয়েছে, তাই জনসাধারণকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

আবহাওয়া অফিস তাপপ্রবাহ বৃষ্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:35

URL: https://www.timestodaybd.com/public/national/7758073612